Better Health in Bangladesh

# ‘বেটার হেলথ ইন বাংলাদেশ’ প্রকল্পের ই-লার্নিং পোর্টাল রেজিস্ট্রেশন ম্যানুয়াল।

UKaid from the British people


msh Management Sciences for Health

প্রিয় ফার্মাসিস্ট ও ওষুধ ব্যবসায়ীবৃন্দ,


‘বেটার হেলথ ইন বাংলাদেশ’ প্রকল্পের পক্ষ থেকে আপনাদের সবাইকে স্বাগত জানাচ্ছি।

দেশে আদর্শ ফার্মেসি প্র্যাকটিস প্রবর্তনের জন্য ‘Better Health in Bangladesh’ প্রকল্পের একটি উদ্যোগ e-learning সাইট। গুড ফার্মেসি প্র্যাকটিস (জিপিপি) নিশ্চিতের জন্য E-learning সাইটের কোর্সগুলো বিশেষ গুরুত্বপূর্ণ। এই কোর্সগুলো অনুশীলনের মাধ্যমে আপনার ডিসপেন্সিং দক্ষতাকে আরো সমৃদ্ধ করতে পারবেন। অনলাইন এই কোর্সগুলো বিনামূল্যে খুব সহজে যে কেউ সম্পন্ন করতে পারবেন। সফলভাবে কোর্স সমাপ্তির পর সনদপত্র দেয়া হয়।


আজকে আমরা জানবো কীভাবে ই-লার্নিং সাইটে রেজিস্ট্রেশন করতে হয়।





ই-লার্নিং সাইটে রেজিস্ট্রেশনের জন্য প্রথমে আপনাকে ইন্টারনেট ব্রাউজারে গিয়ে লিখতে হবে BHB e-Learning Platform.





এরপর স্ক্রীনে আসা প্রথম লিঙ্কটিতে ক্লিক করুন।




ক্লিক করার পর e-learning সাইটের হোম পেজটি সামনে আসবে। হোম পেজের উপরে ডানদিকে Trainee Registration এই অপশনটিতে ক্লিক করুন।





আপনি চাইলে, এখান থেকেও সরাসরি Trainee Registration অপশন এ যেতে পারবেন




এখন রেজিস্ট্রেশনের মূল পেজটি দেখতে পাবেন। উক্ত পেজে প্রয়োজনীয় সকল তথ্য সঠিকভাবে প্রদান করে ফরমটি পূরণ করুন।

*** এখানে একটি বিষয় লক্ষণীয় যে, ফর্মে প্রদত্ত সকল তথ্য ইংরেজী অক্ষরে লিখতে হবে এবং (স্টার) * চিহ্নযুক্ত অপশনগুলো অবশ্যই পূরণ করতে হবে। অন্যথায় রেজিস্ট্রেশন সম্পন্ন হবে না।



**শর্তাবলী**

*এই প্ল্যাটফর্ম 'বেটার হেলথ ইন বাংলাদেশ' এর একটি অলাভজনক উদ্যোগ। বাংলাদেশে আদর্শ ফার্মেসি প্র্যাকটিস প্রবর্তনের সদিচ্ছা থেকে এটি চালু করা হয়েছে। যারা ফার্মেসি বিষয়ের শিক্ষার্থী, বা এই বিষয়ে ক্যারিয়ার গড়তে চান বা ঔষধ বিপণনের সাথে যুক্ত হতে চান তারা এই প্ল্যাটফর্মের কোর্সগুলো থেকে লাভবান হতে পারেন। বিভিন্ন কোর্সের পাঠ্যক্রম নির্ভরযোগ্য সূত্র অনুসরণ করে প্রস্তুত করা হয়েছে। এই প্ল্যাটফর্ম পরিচালনার বিষয়ে 'বেটার হেলথ ইন বাংলাদেশ' প্রকল্পের সিদ্ধান্তই চূড়ান্ত।*

**প্রশিক্ষণার্থী/ট্রেইনি তথ্যাবলী (সকল তথ্য ইংরেজী অক্ষরে লিখতে হবে)**

বিভাগ * Select

জেলা * Select

উপজেলা * Select


নামের প্রথম অংশ (এসএসসি সার্টিফিকেট অনুসারে) *

নামের দ্বিতীয় অংশ (এসএসসি সার্টিফিকেট অনুসারে) *

লিঙ্গ * ○ পুরুষ ○ মহিলা ○ তৃতীয় লিঙ্গ

জন্ম তারিখ (এসএসসি সার্টিফিকেট অনুসারে) dd/mm/yy

প্রথম অপশনে আছে বিভাগ, আপনার নিজের বিভাগ এখানে সিলেক্ট করুন। তারপর যথাক্রমে জেলা এবং উপজেলা সিলেক্ট করুন।



**প্রশিক্ষণার্থী/ট্রেইনি তথ্যাবলী (সকল তথ্য ইংরেজী অক্ষরে লিখতে হবে)**

বিভাগ * Select

জেলা * Select

উপজেলা * Select


নামের প্রথম অংশ (এসএসসি সার্টিফিকেট অনুসারে) *

নামের দ্বিতীয় অংশ (এসএসসি সার্টিফিকেট অনুসারে) *


লিঙ্গ * ○ পুরুষ ○ মহিলা ○ তৃতীয় লিঙ্গ

জন্ম তারিখ (এসএসসি সার্টিফিকেট অনুসারে) * dd/mm/yy

এরপর আপনার নামের প্রথম ও দ্বিতীয় অংশ এসএসসি সার্টিফিকেট অনুসারে পূরণ করুন *(ধরুন আপনার নাম Md Mizanur Rahman তাহলে প্রথম অংশে Md এবং দ্বিতীয় অংশে Mizanur Rahman লিখতে হবে)*





- এরপরের অপশনটিতে লিঙ্গ সিলেক্ট করুন – পুরুষ, মহিলা বা তৃতীয় লিঙ্গ
- তারপরের অপশনটি জন্মতারিখ, এসএসসি সার্টিফিকেট অনুসারে আপনার জন্ম তারিখ ক্যালেন্ডার থেকে সিলেক্ট করুন।





পরের অপশনটি ফার্মাসিস্টের ধরণ, আপনি যে গ্রেডের ফার্মাসিস্ট সেটি সিলেক্ট করুন

****ধরুন আপনি গ্রেড-সি ফার্মাসিস্ট, গ্রেড সি তে ক্লিক করলে ফার্মেসি কাউন্সিল প্রদত্ত রেজিস্ট্রেশন নাম্বারের একটি নতুন অপশন ওপেন হবে। আপনার ফার্মাসিস্ট রেজিস্ট্রেশন নাম্বারটি এখানে লিখুন*





এরপর আছে ড্রাগ লাইসেন্স নাম্বার, আপনার দোকানের ড্রাগ লাইসেন্স নাম্বারটি এখানে লিখুন।


- যদি ড্রাগ লাইসেন্স না থাকে তবে আপনি যে দোকানে কর্মরত আছেন সেই দোকানের ড্রাগ লাইসেন্স নাম্বার টি এখানে লিখবেন।
- আপনি যদি কোন ওষুধের দোকানে কর্মরত না থাকেন, তাহলে ড্রাগ লাইসেন্স অপশনটি ফাঁকা রাখুন।




- পরের অপশনে আপনার ১১ ডিজিটের সচল মোবাইল নাম্বারটি লিখুন।
- এরপর আপনার হোয়াটসঅ্যাপ নাম্বারটি এখানে লিখুন।





- এখন আপনার একটি সচল ইমেইল এড্রেস এখানে লিখুন *(মেইল এড্রেসটি জিমেইল হওয়া বাঞ্ছনীয়)*
- এরপরের অপশনটি ইউজার নেম, এখানে আপনার নামের সাথে মিল রেখে ইউজার নেম দিতে পারেন। (উদাহরণস্বরূপ আমরা এখানে *Mizanur1234 ব্যবহার করছি)*





- আপনার সুবিধা অনুযায়ী একটি পাসওয়ার্ড এখানে লিখুন
- তারপরের অপশনটিতে একই পাসওয়ার্ড পুনরায় কনফার্ম করবেন।

****(ইউজারনেম এবং পাসওয়ার্ড অবশ্যই মনে রাখবেন এবং সংরক্ষণ করবেন। পরবর্তীতে আপনার একাউন্টে লগইন করার জন্য এই ইউজারনেম এবং পাসওয়ার্ড প্রয়োজন হবে)*




- এরপর Send these credentials via email অপশনটিতে টিক চিহ্ন দিন।
- সকল তথ্য সঠিকভাবে প্রদান করার পর, আপনার তথ্য পুনরায় মিলিয়ে নিন। এরপর রেজিস্টার অপশনে ক্লিক করুন।




- রেজিস্টার অপশনে ক্লিক করার পর আপনার সামনে The account ***Mizanur1234*** has been successfully created! এই লেখাটি আসবে এবং আপনার রেজিস্ট্রেশনটি সম্পন্ন হবে।

***ধন্যবাদ***

UKaid from the British people
msh Management Sciences for Health